তুরস্কের দিকে ইরানের ক্ষেপণাস্ত্র হামলা ন্যাটোর প্রতিরোধে ভূপাতিত



সংগৃহীত ছবি

তুরস্কের ভূখণ্ড লক্ষ্য করে ইরান থেকে ছোড়া একটি ক্ষেপণাস্ত্র মাঝপথেই ধ্বংস করা হয়েছে বলে জানিয়েছে আঙ্কারা।

তুরস্কের সরকারি কর্মকর্তাদের বরাতে ফরাসি বার্তা সংস্থা এএফপি জানায়, ক্ষেপণাস্ত্রটি ইরাক ও সিরিয়ার আকাশসীমা অতিক্রম করে তুরস্কের দিকে এগোচ্ছিল। তবে পশ্চিমা সামরিক জোট NATO–এর আকাশ ও ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা সেটিকে শনাক্ত করে ভূপাতিত করে।

তুরস্কের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ভাষ্য, পূর্ব ভূমধ্যসাগরে মোতায়েন থাকা ন্যাটোর প্রতিরক্ষা ইউনিট সময়মতো ব্যবস্থা নেওয়ায় ক্ষেপণাস্ত্রটি তুরস্কের আকাশসীমায় প্রবেশ করতে পারেনি।

LENS ASIA